



## দুর্নীতি করবো না, কাউকে করতেও দেবো না: ডেপুটি স্পিকার



সংগৃহীত ছবি

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ও নেত্রকোনা-১ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার কায়সার কামাল বলেছেন, উন্নয়ন কাজে কোনো ধরনের অনিয়ম বা ছাড় দেওয়া হবে না। তিনি জানান, প্রকল্প বাস্তবায়নে নির্ধারিত শর্ত, গুণগত মান এবং সময়সীমা কঠোরভাবে অনুসরণ করতে হবে।

শুক্রবার (১৫ মে) সকালে নেত্রকোনার দুর্গাপুর ইউনিয়নের চকলেঙ্গুরা গ্রামে একটি রাস্তা উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, মাঠপর্যায়ে নিয়মিত তদারকির মাধ্যমে সব কাজের মান নিশ্চিত করতে হবে। প্রয়োজনে তিনি নিজেও সরেজমিনে পরিদর্শন করবেন। তার ভাষায়, দুর্নীতির কোনো সুযোগ থাকবে না—কেউ করবে না, কাউকে করতেও দেওয়া হবে না।

ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অর্থায়নে দুর্গাপুর, কুল্লাগড়া ও গাঁওকান্দিয়া ইউনিয়নে প্রায় ২ কিলোমিটার সড়ক হেরিংবোন পদ্ধতিতে নির্মাণে ব্যয় ধরা হয়েছে ১ কোটি ৬১ লাখ টাকা।

উন্নয়ন ও সামাজিক মূল্যবোধ নিয়ে তিনি বলেন, দায়িত্বশীলতা ও সততার মাধ্যমে সমাজ এগিয়ে যায়। অনিয়ম ও অবহেলা উন্নয়নের গতি থামিয়ে দেয়। তিনি সবাইকে সততা ও পারস্পরিক সম্মান বজায় রেখে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি ছিলেন।